দ্য কান্ট্রিসাইড কোড

পার্ক ও জলপথ, সমুদ্রতীর ও পল্লী এলাকা উপভোগ করার জন্য আপনার নির্দেশিকা।

Jointly produced with Natural Resources Wales

সূচিপত্র

- সবাইকে সম্মান করুন »
- পরিবেশকে রক্ষা করুন »
- বাইরের জায়গাগুলো উপভোগ করুন »
- পল্লী এলাকার চিহ্ন ও প্রতীকগুলো জানুন »
- Organisations endorsing the code »

www.gov.uk/countryside-code

সবাইকে সম্মান করুন

- যারা পল্লী এলাকায় বাস করেন, কাজ করেন এবং পল্লী এলাকাকে উপভোগ করার জন্য এসেছেন তাদের সবার সুবিধা-অসুবিধা বিবেচনা করুন
- ফটক ও প্রপার্টিগুলো যেমন পেয়েছিলেন তেমন রেখে আসুন
- গাড়ি পার্ক করার সময় প্রবেশপথ অথবা ড্রাইভওয়ে অবরোধ করবেন না
- ভদ্র আচরণ করুন, হ্যালো বলুন, জায়গা ভাগাভাগি করে নিন
- স্থানীয় চিহ্নগুলো মেনে চলুন এবং চিহ্নিত পথে থাকুন যদি না আরো প্রশস্ত প্রবেশপথ থেকে থাকে

The Countryside Code
RESPECT • PROTECT • ENJOY

কৃষি, গবাদিপশু ও বন্যপ্রাণী

আপনার কর্মকাণ্ড অন্য মানুষদের জীবন ও জীবিকার উপর প্রভাব ফেলতে পারে।

পল্লী এলাকায় কাজ করা মানুষদের সহযোগিতা করুন। উদাহরণস্বরূপ, যখন পশুদের কোথাও নিয়ে যাওয়া হচ্ছে বা একত্রিত করা হচ্ছে তখন খামারিদের নির্দেশনা মেনে চলুন। এটি সবাইকে নিরাপদ রাখতে সহযোগিতা করে।

ফটক ও প্রপার্টিগুলো আপনি যেমন পেয়েছেন তেমন রেখে আসুন অথবা চিহ্নে প্রদত্ত নির্দেশনাগুলো মেনে চলুন। যখন একসাথে একটি দলে থাকবেন, তখন নিশ্চিত করুন যে সর্বশেষ ব্যক্তিটি যেন জানেন যে ফটকগুলো কীভাবে রাখতে হবে। খামারিরা ফটকগুলো বন্ধ করে রাখেন পশুগুলোকে ভেতরে রাখার জন্য অথবা খোলা রাখেন খাবার খাওয়ার ও পানি পান করার সুযোগ করে দেওয়ার জন্য। খামারের যন্ত্রপাতি, ঘোড়া বা গবাদি পশুগুলোকে স্পর্শ করবেন না। আপনার যদি মনে হয় যে খামারের কোনো প্রাণী বিপর্যয়ের মাঝে আছে তাহলে খামারির দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করুন।

বন্যপ্রাণী, গবাদিপশু ও ঘোড়াদের প্রচুর পরিমাণ জায়গা দিন। তাদের আচরণ কেমন হবে তা আগে থেকে বলা যায় না, বিশেষ করে যখন তাদের বয়স কম থাকে এবং আপনি আহত হতে পারেন।

গবাদিপশু, ঘোড়া বা বন্য প্রাণীদের খাওয়াবেন না যেহেতু তা তাদের ক্ষতির কারণ হতে পারে।

পল্লী এলাকায় ভ্রমণ ও পার্কিং

পল্লী এলাকার সড়কগুলোতে যানবাহন মানুষ ও বন্য প্রাণীদের জন্য বিপজ্জনক হতে পারে।

গ্রামীণ পথে গাড়ি চালানোর সময় গাড়ির গতি কমান এবং সতর্কতার সাথে ড্রাইভ করুন। গাড়ি পার্ক করার সময় নিশ্চিত করুন যে আপনি প্রবেশপথ বা ড্রাইভওয়ে অবরুদ্ধ করছেন না। সবসময় জরুরি পরিবহন প্রবেশের জায়গা রাখবেন।

বাহিরে যাওয়ার সময় আপনার গাড়ি ঘরে রেখে আসার কথা বিবেচনা করুন। আপনি তার বদলে গণপরিবহন ব্যবহার করতে পারেন। গণপরিবহনের ব্যাপারে তথ্য খুঁজে পাবেন ট্রাভেললাইন ওয়েবসাইটে।

যখন কোনো পথ রেলওয়ে লাইন অতিক্রম করে তখন অতিরিক্ত সতর্ক ও সজাগ থাকুন। নিরাপদভাবে লেভেল ক্রসিং ব্যবহারের ব্যাপারে নির্দেশনা পাবেন নেটওয়ার্ক রেল ওয়েবসাইটে।

ফুটপাথ ছাড়া রাস্তায় হাঁটার সময় আপনার দিকে আগত গাড়িগুলোর দিকে মুখ করে হাঁটুন এবং হাইওয়ে কোড মেনে চলুন।

ভদ্র আচরণ করুন, হ্যালো বলুন, জায়গা ভাগাভাগি করে নিন

আপনি যখন বাইরে সময় কাটাবেন তখন আপনার অন্য ব্যবহারকারী ও প্রাণীদের সাথে দেখা হতে পারে। যখন গাড়ি বা সাইকেল চালাবেন তখন ঘোড়া, পথচারী ও গবাদিপশুর জন্য গতি কমান বা থামুন। সবসময় তাদের প্রচুর জায়গা দিন।

ব্রাইডালওয়েতে সাইকেল চালকদের পথচারী ও ঘোড়সওয়ারদের জন্য অবশ্যই পথ ছেড়ে দিতে হবে।

সাইকেল চালক ও ঘোড়সওয়ারীদের অবশ্যই পথচারীদের নিরাপত্তাকে সম্মান জানাতে হবে, কিন্তু পথচারীদেরও সতর্ক থাকতে হবে যেন তাদের জন্য প্রতিবন্ধকতা বা বিপদ সৃষ্টি না করেন।

স্থানীয় চিহ্ন অনুসরণ করুন ও চিহ্নিত পথে থাকুন

আপনার পথ খুঁজে পেতে মানচিত্র ও স্থানীয় চিহ্ন ব্যবহার করুন। চিহ্নিত পথে থাকুন, এমনকি যদি সেগুলো কর্দমাক্তও হয়, যদি না আরো প্রশস্ত পথ থাকে, যেমন- একটি উন্মুক্ত ভূমি। এটি ফসল ও বন্যপ্রাণীদের সুরক্ষিত রাখতে সহযোগিতা করে।

পল্লী এলাকায় ব্যবহৃত চিহ্ন ও প্রতীকগুলো জানুন। পল্লী এলাকায় বিভিন্ন ব্যবহারকারীদের পথ চিহ্নিত করতে সেগুলো আপনাকে সাহায্য করবে।

যেখানে সম্ভব ফটক, স্টাইল বা মাঠের প্রাচীরে ফাঁকা জায়গা ব্যবহার করুন। প্রাচীর বেয়ে পার হলে ক্ষয়ক্ষতি হতে পারে এবং গবাদিপশুকে ঝুঁকির মাঝে ফেলতে পারে।

আপনার যদি মনে হয় যে কোনো চিহ্ন বেআইনি বা ভুল নির্দেশনা প্রদান করে তাহলে লোকাল অথরিটির সাথে যোগাযোগ করুন। উদাহরণস্বরূপ, জনসাধারণের জন্য ব্যবহৃত একটি ফুটপাথে ‘প্রাইভেট-নো এন্ট্রি’ চিহ্ন।

পরিবেশকে রক্ষা করুন

- আপনার আবর্জনা বাসায় নিয়ে যান – আপনার ভ্রমণের কোনো চিহ্ন রাখবেন না
- আগুন জ্বালাবেন না এবং কেবলমাত্র যেখানে কোনো চিহ্ন আপনাকে বলবে যে আপনি পারবেন কেবল সেখানেই বারবিকিউ করবেন
- আপনার কুকুরকে সবসময় নিয়ন্ত্রণে ও চোখে চোখে রাখুন
- কুকুরের পায়খানা – এটি ব্যাগে করে নিয়ে কোনো পাবলিক বিনে ফেলুন।
- প্রকৃতির যত্ন নিন – ক্ষতি বা অসুবিধা করবেন না

আমাদের পল্লী এলাকা ও উন্মুক্ত স্থানগুলো বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য রক্ষা করার দায়িত্ব আমাদের সকলের।

প্রকৃতির যত্ন নিন – ক্ষতি বা অসুবিধা করবেন না। শিলা, পাথর, চারা ও গাছ যেমন পেয়েছেন তেমন রেখে আসুন এবং যেসব পাখির বাসা মাটিতে সেগুলোসহ অন্য কোনো বন্য প্রাণীর অসুবিধা করবেন না।

ধ্বংসস্তূপ বা ঐতিহাসিক স্থাপনাগুলোর স্বাভাবিক অবস্থার কোনো বিঘ্ন ঘটাবেন না – প্রাকৃতিক ও নির্মিত পরিবেশে আমাদের ঐতিহ্য গুরুত্বপূর্ণ।

আপনার আবর্জনা বাসায় নিয়ে যান – আপনার ভ্রমণের কোনো চিহ্ন রাখবেন না

আপনার সাথে মনে করে একটি ব্যাগ নিয়ে আসবেন এবং আপনার আবর্জনা, উচ্ছিষ্ট খাবার ইত্যাদি বাসায় নিয়ে যান, পাবলিক বিন ব্যবহার করুন অথবা সম্ভব হলে রিসাইকেল করুন। আবর্জনা পল্লী এলাকার সৌন্দর্য নষ্ট করে এবং বন্যপ্রাণী ও গবাদিপশুদের জন্য এগুলো বিপজ্জনক হতে পারে। ময়লা ফেলা বা আবর্জনা রেখে যাওয়া আইনত দণ্ডনীয় অপরাধ।

আগুন জ্বালাবেন না এবং কেবলমাত্র যেখানে চিহ্ন আপনাকে বলবে যে আপনি করতে পারবেন কেবল সেখানেই বারবিকিউ করুন

উন্মুক্ত শিখা ও সিগারেটের ব্যাপারে সতর্ক থাকুন। কেবলমাত্র সেখানেই বারবিকিউ করুন যেখানে চিহ্ন আপনাকে বলবে যে আপনি করতে পারবেন। সবসময় আপনার বারবিকিউ নিভিয়ে ফেলবেন, নিশ্চিত করবেন যে ছাইগুলো ঠাণ্ডা এবং সেগুলো দায়িত্বশীলভাবে ফেলবেন। মানুষ ও তাদের ভূসম্পত্তির মতোই বন্যপ্রাণী ও তাদের আবাসভূমির জন্য আগুন বিধ্বংসী হতে পারে।

কোনো ভূমির ম্যানেজার উদ্ভিদ নিয়ন্ত্রণের জন্য নিয়ন্ত্রিত আগুন ব্যবহার করেন, বিশেষত হিথ ও মুর ভূমিতে [পতিত ভূমি] 1 অক্টোবর ও 15 এপ্রিলের মাঝে। আপনি যদি এমন কোনো আগুন দেখতে পান যার নিয়ন্ত্রণ কেউ করছে না তাহলে 999 নম্বরে কল করুন।

কুকুরকে সবসময় নিয়ন্ত্রণে ও চোখে চোখে রাখুন

পল্লী এলাকা, পার্ক ও সমুদ্রতীরগুলো হচ্ছে আপনার কুকুরকে ব্যায়াম করানোর জন্য অসাধারণ জায়গা কিন্তু আপনাকে অন্যান্য ব্যবহারকারী ও বন্য প্রাণীদের কথা বিবেচনা করতে হবে।

আমন্ত্রণ করা না হলে আপনার কুকুর যেন বন্যপ্রাণী, গবাদিপশু, ঘোড়া ও অন্যান্য মানুষদের থেকে দূরে থাকে তা নিশ্চিত করতে আপনার কুকুরকে কার্যকর নিয়ন্ত্রণে রাখুন। আপনার যা করা উচিত:

- আপনার কুকুরের গলায় সবসময় দড়ি পরিয়ে রাখুন বা চোখে চোখে রাখুন
- আপনার কুকুর আপনার আদেশ মেনে আপনার কাছে ফেরত আসবে তা নিশ্চিত করুন
- নিশ্চিত করুন যে আপনার কুকুর পথ বা আপনার যাওয়ার অধিকার আছে এমন জায়গার বাইরে না যায়

সবসময় স্থানীয় চিহ্ন লক্ষ্য করুন যেহেতু কিছু পরিস্থিতিতে আপনার কুকুরকে অবশ্যই সারা বছরব্যাপী বা বছরের কিছু কিছু সময়ে দড়ি পরিয়ে রাখতে হবে। স্থানীয় এলাকাগুলো সহযোগী কুকুর ছাড়া সকল কুকুর নিষিদ্ধও করতে পারে। চিহ্নগুলো আপনাকে এসব স্থানীয় বিধিনিষেধের কথা জানাবে।

আপনি যেখানেই থাকেন না কেন, গবাদিপশুর আশে পাশে আপনার কুকুরকে দড়ি পরিয়ে রাখা হচ্ছে ভালো অভ্যাস।

উন্মুক্তভূমি ও সমুদ্রতীরে গবাদিপশুর আশেপাশে আপনাকে অবশ্যই আপনার কুকুরকে দড়ি পরিয়ে রাখতে হবে। 1 মার্চ ও 31 জুলাইয়ের মাঝামাঝি, উন্মুক্ত ভূমিতে কোনো গবাদিপশু না থাকলেও সেখানে আপনার কুকুরকে দড়ি পরিয়ে রাখতে হবে। এগুলো আইনি নির্দেশনা।

একজন খামারি একটি কুকুরকে গুলি করতে পারেন যদি এটি কোনো গবাদিপশুকে আক্রমণ করে বা ধাওয়া করে। কুকুরের মালিককে ক্ষতিপূরণ প্রদানের দায় তাদের নাও থাকতে পারে।

গবাদিপশু বা ঘোড়ার কারণে আপনি যদি হুমকি অনুভব করেন তাহলে আপনার কুকুরের দড়ি ছেড়ে দিন। আপনার কুকুরকে রক্ষা করতে গিয়ে আহত হওয়ার ঝুঁকি নেবেন না। আপনার কুকুরকে ছেড়ে দিলে তা আপনাদের দুজনকেই নিরাপদ জায়গায় নিয়ে যেতে সাহায্য করবে।

ডগ ওয়াকিং কোড আপনাকে আরো তথ্য প্রদান করতে পারবে।

কুকুরের পায়খানা – ব্যাগে করে বিনে ফেলুন – যেকোনো পাবলিক বিনে ফেললেই হবে

আপনার কুকুরের পায়খানা সবসময় পরিষ্কার করুন কারণ এটি মানুষ, গবাদিপশু ও বন্যপ্রাণীদের অসুখের কারণ হতে পারে।

কুকুরের পায়খানা কখনো ফেলে রেখে যাবেন না, এমনকি যদি আপনার এই উদ্দেশ্যও থাকে যে আপনি পরে এসে তা তুলে নেবেন। দুর্গন্ধমুক্ত রাখে এমন ব্যাগ ও পাত্রে কুকুরের পায়খানা বহন করা সহজ হতে পারে। আপনি যদি কোনো পাবলিক বিন খুঁজে না পান, তাহলে আপনাকে এটি ঘরে নিয়ে গিয়ে নিজের বিন ব্যবহার করতে হবে।

বাইরের জায়গাগুলো উপভোগ করুন

- আপনার যাত্রাপথ ও স্থানীয় পরিবেশ কেমন হবে তা জানুন
- আপনার অ্যাডভেঞ্চারের পরিকল্পনা করুন – আপনি কী প্রত্যাশা করতে পারেন এবং আপনি কী করতে পারবেন তা জেনে রাখুন
- আপনার ভ্রমণটি উপভোগ করুন, আনন্দ করুন, স্মৃতি তৈরি করুন

The Countryside Code
RESPECT • PROTECT • ENJOY

আপনার স্বাস্থ্যের জন্য বহিরাঙ্গনগুলো খুবই উপকারী এগুলো হচ্ছে আপনি আরাম করার, শান্তি অনুভব করার ও বিভিন্ন কর্মকাণ্ড করার স্থান। আপনি বাইরে যা কিছু করতে পছন্দ করেন না কেন, আপনি তা বেশি উপভোগ করবেন যদি আপনি আগে থেকে প্রস্তুতি গ্রহণ করেন।

আপনার যাত্রাপথ ও স্থানীয় পরিবেশ যাচাই করুন

নিশ্চিত করুন যে আপনি আপনার যাত্রাপথ জানেন এবং আপনার কাছে প্রয়োজনীয় মানচিত্র আছে। বের হওয়ার আগে হালনাগাদকৃত মানচিত্র, নির্দেশিকা বা ওয়েবসাইট দেখে যান।

আউটডোর রিক্রিয়েশন গ্রুপগুলোর কাছ থেকে আপনি বিশেষ কর্মকাণ্ডের ব্যাপারে উপদেশ পেতে পারেন। গেটআউটসাইড বা ভিজিট ব্রিটেন এমন গ্রুপগুলোর একটি তালিকা প্রদান করতে পারে। তথ্য কেন্দ্রগুলোও আপনাকে স্থানীয় ধারণা ও পরামর্শ প্রদান করতে পারে।

আবহাওয়া, জোয়ার-ভাটা ও পানির অবস্থা জেনে নিন

বের হওয়ার আগে আবহাওয়ার পূর্বাভাস জেনে নিন। পাহাড়ে এবং সমুদ্রতীরে অবস্থা খুব দ্রুত পরিবর্তন হতে পারে। আপনি বাইরে থাকার সময় অবস্থার পরিবর্তন হলে ফেরত আসতে দ্বিধা করবেন না।

বের হওয়ার আগে জোয়ার-ভাটার সময় দেখে বের হবেন যেন জোয়ারের পানির কারণে পথ বন্ধ হওয়ার ঝুঁকি কমে। কেবল সাগর নয়, কিছু কিছু নদীতেও জোয়ার-ভাটা হয়। পিচ্ছিল পাথর ও শৈবালে সতর্ক থাকুন।

আপনি যদি প্যাডেল, সাঁতার বা পানি উপভোগ করতে চান তাহলে পানির মান ও অবস্থা জানার জন্য এনভায়ার্নমেন্ট এজেন্সি ওয়েবসাইট দেখুন।

আপনার অ্যাডভেঞ্চারের পরিকল্পনা করুন – কী প্রত্যাশা করতে পারেন এবং আপনি কী করতে পারেন তা জেনে রাখুন

কাউকে বলুন আপনি কোথায় যাচ্ছেন এবং কখন ফিরবেন বলে প্রত্যাশা করেন। গ্রামীণ এলাকায় ঘন্টার পর ঘণ্টা আপনার সাথে কারো দেখা নাও হতে পারে এবং বহু জায়গায় ফোন সিগন্যাল নির্ভরযোগ্য নয়।

আপনার নিজের ও আপনার অধীনে থাকা অন্যদের নিরাপত্তার দায়িত্ব আপনার। নিশ্চিত করুন যে আপনার কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় দক্ষতা ও জ্ঞান আপনার আছে।

নিরাপদ থাকতে আবহাওয়া পরিবর্তনসহ অন্যান্য প্রাকৃতিক বিপদের ব্যাপারে প্রস্তুত থাকুন। নিশ্চিত করুন যে আপনার পরিকল্পিত কর্মকাণ্ডের জন্য সঠিক পোশাক ও যন্ত্রপাতি রয়েছে।

স্থানগুলো ব্যস্ত থাকলে আপনার পরিকল্পনা পরিবর্তন করার ব্যাপারে প্রস্তুত থাকুন।

অধিকার ও অনুমতি

এই কোডটিতে বিভিন্ন ব্যবহারকারীদের অধিকার বর্ণনা করা হয়েছে। কিছু কিছু কর্মকাণ্ডের জন্য আপনাকে হয়তো ভূমির মালিকের কাছ থেকে অনুমতি গ্রহণ করতে হতে পারে, যার মাঝে রয়েছে:

- ক্যাম্পিং
- মিঠা পানিতে সাঁতার
- মিঠা পানিতে মাছ ধরা

আপনার ভ্রমণ উপভোগ করুন, আনন্দ করুন, সুন্দর স্মৃতি তৈরি করুন।

পল্লী এলাকার চিহ্ন ও প্রতীকগুলো জানুন

পল্লী এলাকায় ব্যবহৃত প্রতীকগুলোর মাঝে রয়েছে:

তীর চিহ্নগুলো বিভিন্ন ব্যবহারকারী গ্রুপদের আইনি ও নিবন্ধিত চলাচলের অধিকারগুলো প্রদর্শন করে।

ফুটপাথ, পথচারী ও মবিলিটি এইড ব্যবহারকারীদের চলাচলের অধিকার।

ব্রাইডালওয়ে, পথচারী, মবিলিটি এইড ব্যবহারকারী, ঘোড়সওয়ারী ও সাইকেল চালকদের চলাচলের অধিকার।

কেবলমাত্র পথচারী, মবিলিটি এইড ব্যবহারকারী, সাইকেল চালক, ঘোড়সওয়ার ও ঘোড়া চালিত গাড়ির চলাচলের অধিকার।

সকল জানবাহনের জন্য উন্মুক্ত উপপথ (বাইওয়ে) (বোট), মোটর চালিত যানবাহনসহ সকল ব্যবহারকারীদের জন্য চলাচলের পথ।



একটি একোন চিহ্ন



ন্যাশনাল ট্রেইল (চলার পথ), যা তৈরি করা হয়েছে হাঁটার জন্য। কিছু কিছু ট্রেইলে ঘোড়সওয়ার ও সাইকেল চালানো সম্ভব। যে সকল ব্যবহারকারী সীমিত চলাফেরা করতে পারেন তারা ন্যাশনাল ট্রেইল ওয়েবসাইটে দেখতে পারবেন যে ট্রেইলগুলো উপযোগী কি না। এই ওয়েবসাইটে মানচিত্র, ভ্রমণ পরিকল্পনা করার উপকরণ এবং ট্রেইল ডাইভার্সনের ব্যাপারে তথ্য আছে। এই প্রতীকটি ইংল্যান্ড ও ওয়েলসের 16টি দীর্ঘ যাত্রাপথকে চিহ্নিত করে যার মাঝে রয়েছে ইংল্যান্ড কোস্ট পাথ।

গোলাকার বাদামী প্রতীক যেটিতে দেখা যায় যে একজন মানুষ পাহাড়ে হাঁটছেন

উন্মুক্ত এলাকার চিহ্ন, আপনি পথ থেকে দূরে যেতে পারবেন। এর মাঝে যে এলাকাগুলো রয়েছে তাতে আছে:

- পর্বত
- মুরল্যান্ড
- হিথ
- ডাউন
- কোস্টাল মার্জিন
- নিবন্ধিত কমন ল্যান্ড

মানচিত্র, তথ্য ও প্রবেশাধিকারের যেকোনো সীমাবদ্ধতার জন্য ওপেন অ্যাক্সেস ওয়েবসাইট দেখুন।

কোনো পোস্ট বা ফটকে একটি স্থানীয় চিহ্ন

অনুমতি আছে এমন পথ, স্থানীয় চিহ্নে প্রদানকৃত উপদেশ মেনে চলুন যেহেতু ভূমির মালিকরা স্বেচ্ছায় এসব পথের প্রবেশাধিকার দিয়েছেন এবং কারা এগুলো ব্যবহার করতে পারবে তা নির্ধারণ করে দিয়েছেন। কিছু কিছু উন্মুক্ত প্রবেশাধিকারের এলাকাও এভাবে তৈরি করা হয়েছে।

Organisations endorsing the code

British Canoeing
www.britishcanoeing.org.uk

British Cycling
www.britishcycling.org.uk

British Horse Society
www.bhs.org.uk

British Mountaineering Council
www.thebmc.co.uk

Canal and River Trust
canalrivertrust.org.uk

Country Landowners' Association
www.cla.org.uk

CPRE, the countryside charity
www.cpre.org.uk

Cycling UK
www.cyclinguk.org

Disabled Ramblers
disabledramblers.co.uk

Forestry Commission
www.gov.uk/government/organisations/forestry-commission

Forestry England
www.forestryengland.uk

The Institute of Public Rights of Way and Access Management
iprow.co.uk

Kennel Club
www.thekennelclub.org.uk

The National Association for Areas of Outstanding Natural Beauty
www.landscapesforlife.org.uk

National Farmers' Union
www.nfuonline.com

National Parks England
www.nationalparksengland.org.uk

National Trust
www.nationaltrust.org.uk

Open Spaces Society
www.oss.org.uk

Ordnance Survey
www.ordnancesurvey.co.uk

Ramblers
www.ramblers.org.uk

Sport England
www.sportengland.org

Tenant Farmers Association
tfa.org.uk

VisitEngland
www.visitengland.com

YHA England and Wales
www.yha.org.uk